

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

তারিখ: ৩ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৭ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০১.২৫.৩৫৭০

বিষয়: MV. HT PIONEER জাহাজে আমদানিকৃত মোট ১১,৫০০ (+/-) মে.টন নন বাসমতি সিদ্ধ চালের চলাচল সূচি (সূচি নং-১৬৪)।

সূত্র: ১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর ১৫-০৬-২০২৫ খ্রি. তারিখের ১৩.১৭.০০০০.০০৫.৫০.০০১.২৪.২৯৫৯ নং স্মারক
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল ০২-০৬-২০২৫ খ্রি. ১৩.০১.০০০০.০০০.০০০.৫০.০০১৩.১৮.২৯২৫ নং স্মারক, ০৪-০৬-২০২৫ খ্রি.
১৩.০১.০০০০.০০০.০০০.৫০.০০১৩.১৮.২৯৪৮ নং স্মারক এবং ১৫-০৬-২০২৫ খ্রি. ১৩.০১.০০০০.০০০.০০০.৫০.০০১৩.১৮.২৯৮৩ নং নং
স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চুক্তি নং-১৩.০১.০০০০.০৯৩.৪৬.০২০.২৫.৩৮০; তারিখ: ০৯-০৪-২০২৫ খ্রি. (প্যাকেজ-১০) এর বিপরীতে নগদ ক্রয়কৃত মোট ১১,৫০০ মে.টন ভারতীয় নন-বাসমতি সিদ্ধ চাল নিয়ে MV. HT PIONEER জাহাজ আইজিএম অনুযায়ী ১৭-০৬-২০২৫ খ্রি. মোংলা বন্দরে আগমন করবে। আগত জাহাজের চাল খালাস করে দেশের বিভিন্ন কেন্দ্রে প্রেরণের চলাচল সূচি জারির পত্র এ দপ্তরে সূত্রস্থ ১ নং স্মারকে প্রাপ্ত হয়েছে। সূত্রস্থ ২ নং স্মারকে বরিশাল বিভাগের এলএসডিসমূহে জুন'২৫ মাসে ওএমএস, টিসিবি, ভিডব্লিউবি, ভিজিএফ, ইপি-ওপি, কাবিখা, জিআর খাতে সম্ভাব্য বিলি-বিতরণের জন্য চালের চাহিদা এ দপ্তরে প্রাপ্ত হয়েছে।

এমতাবস্থায়, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের কতিপয় এলএসডি/সিএসডিতে বিভিন্ন খাতে বিতরণ ও আপতকালীন মজুত গড়ার জন্য বর্তমান মজুত, খালি জায়গা, সাশ্রয়ী রুট বিবেচনায় এবং দ্রুত জাহাজের চাল খালাসের স্বার্থে সড়ক ও নৌপথে মোট ১১,৫০০ (+) মে.টন নন বাসমতি সিদ্ধ চালের চলাচল চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

সড়ক ও নৌপথে আমদানিকৃত নন বাসমতি সিদ্ধ চালের চলাচলসূচি

ক্র. নং	প্রেরণ কেন্দ্র	মাধ্যম	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	মোংলা বন্দর (MV. HT PIONEER জাহাজ)	-	পটুয়াখালী	গলাচিপা এলএসডি	৬০০	আমদানিকৃত নন বাসমতি সিদ্ধ চাল	নৌ/ সড়ক পথ	চসনি, খুলনা ৪নং/ ৭ নং/ ম.পাশা ঘাটের মাধ্যমে ব্যয় কম
২.	ঐ	-	ঐ	রাঙ্গাবালী এলএসডি	৬০০	ঐ	ঐ	বিবেচনায় নৌ ও সড়ক পথে উপসূচি জারি করবেন
৩.	ঐ	-	ঐ	পটুয়াখালী এলএসডি	৬০০	ঐ	ঐ	
৪.	ঐ	-	ঐ	দুমকী এলএসডি	৬০০	ঐ	ঐ	
৫.	ঐ	-	বরগুনা	পাথরঘাটা এলএসডি	৩০০	ঐ	ঐ	
৬.	ঐ	-	ঐ	বরগুনা এলএসডি	৬০০	ঐ	ঐ	
৭.	ঐ	-	বরিশাল	বরিশাল এলএসডি	৬০০	ঐ	ঐ	
৮.	ঐ	-	পিরোজপুর	শ্রীরামকাঠি এলএসডি	৩০০	ঐ	ঐ	
৯.	ঐ	-	ঐ	ইন্দ্রহাট এলএসডি	৩০০	ঐ	ঐ	
১০.	ঐ	-	ঐ	কাউখালী এলএসডি	৬০০	ঐ	ঐ	
১১.	ঐ	-	ঐ	পিরোজপুর এলএসডি	৩০০	ঐ	ঐ	
১২.	ঐ	-	ঐ	ইন্দুরকানি এলএসডি	৩০০	ঐ	ঐ	

১৩.	ঐ	৪ নং/৭ নং/ম. পাশা ঘাট, খুলনা	রাজবাড়ী	পাংশা এলএসডি	৩০০	ঐ	ঐ
১৪.	ঐ	ঐ	ঐ	নলিয়াগ্রাম এলএসডি	২০০	ঐ	ঐ
১৫.	ঐ	ঐ	ঐ	গোয়ালন্দ এলএসডি	৩০০	ঐ	ঐ
১৬.	ঐ	ঐ	ফরিদপুর	সদরপুর এলএসডি	৩০০	ঐ	ঐ
১৭.	ঐ	ঐ	ঐ	নগরকান্দা এলএসডি	২০০	ঐ	ঐ
১৮.	ঐ	ঐ	ঐ	চরভদ্রাসন এলএসডি	১০০	ঐ	ঐ
১৯.	ঐ	ঐ	ঐ	সালথা এলএসডি	১০০	ঐ	ঐ
২০.	ঐ	ঐ	শরীয়তপুর	আংগারিয়া এলএসডি	২০০	ঐ	ঐ
২১.	ঐ	ঐ	ঐ	গোসাইরহাট এলএসডি	২০০	ঐ	ঐ
২২.	ঐ	ঐ	ঐ	ভেদরগঞ্জ এলএসডি	৫০০	ঐ	ঐ
২৩.	ঐ	ঐ	ঐ	জাজিরা এলএসডি	২০০	ঐ	ঐ
২৪.	ঐ	ঐ	মাদারীপুর	শিবচর এলএসডি	২০০	ঐ	ঐ
২৫.	ঐ	ঐ	ঐ	চরমুগুরিয়া এলএসডি	২০০	ঐ	ঐ
২৬.	ঐ	ঐ	খুলনা	খুলনা সিএসডি	১৮০০ (+)	ঐ	ঐ
২৭.	ঐ	ঐ	ঐ	মহেশ্বরপাশা সিএসডি	১০০০ (+)	ঐ	ঐ
				মোট =	১১৫০০ (+)		

জারিকৃত সূচির চাল প্রাপক কেন্দ্রে পরিবহণে সমস্যা সৃষ্টি হলে উক্ত বিষয়ে এ দপ্তরকে অবহিত করে মহেশ্বরপাশা সিএসডিতে উত্তোলন করা যাবে।

নির্দেশনাসমূহ:

১। এই সূচি বাস্তবায়নের ক্ষেত্রে খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচলসূচি প্রণয়ন নীতিমালা ২০০৮ অনুসরণ করতে হবে।

২। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত ১১-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক ১৮-০৪-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারক, ২৯-১১-২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারক, ২২-০৫-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৪৭৮ নং স্মারক, ২১-১২-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১৪৬৫ নং স্মারক ও ০২-০৫-২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৫২৭ নং স্মারকের পত্রসমূহ কঠোরভাবে অনুসরণ করতে হবে;

৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা প্রেরক হিসেবে কার্য সম্পাদন করবেন;

৪। সূচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি)/ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত খাদ্যশস্যের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানি/চসনির বিশেষ তদারকি/নজরদারিতে খাদ্যশস্য প্রেরণ করতে হবে;

৫। চলাচলসূচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সূচিতে উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য প্রকার ও ওয়ারেন্টি মোতাবেক প্রেরণ করতে হবে; প্রতিটি ট্রাক-এ প্রেরিত চালের ভৌত বিশ্লেষণ রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহনকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) খাদ্যশস্য পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে

বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন;

৭। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ডি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না; ডি-ইনভয়েসে পণ্যের গুণগতমান ও ধরন সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ইমেইলযোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;

১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্য ক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অপরিবাহিত খাদ্যশস্য জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোঝাইকেন্দ্রে পরিবহণযানসহ উপস্থিত আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে;

১২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক এই সূচি, উপসূচি, ডিআরটিসি সূচি Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

১৩। জাহাজের চাল দ্রুত খালাসের লক্ষ্যে চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা উপসূচির মেয়াদ ১০ দিন পর্যন্ত নির্ধারণ করবেন এবং নির্ধারিত মেয়াদের পর চাল পরিবহণ অবশিষ্ট থাকলে উক্ত উপসূচি উন্মুক্ত করে আগ্রহী ঠিকাদারের মাধ্যমে পরিবহণ করাবেন।

১৪। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১৭-০৬-২০২৫
মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঞা
উপপরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা বিভাগ, খুলনা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা।

২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), খুলনা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৮১.৫০.০০০১.২৫.৩৫৭০/১ (৯)

তারিখ: ৩ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৭ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
- ২। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক,।
- ৭। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। ব্যবস্থাপক, খুলনা/মহেশ্বরপাশা সিএসডি, খুলনা।
- ৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এলএসডি।



(Handwritten Signature)

১৭-০৬-২০২৫
মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক